


যুগান্তর

সাপাহারে জেডিসি পরীক্ষায় উচ্চ মাধ্যমিকের শিক্ষার্থী

প্রকাশ : ০৩ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 নওগাঁ প্রতিনিধি

নওগাঁর সাপাহারে সরফতুল্লাহ ফাজিল মাদ্রাসা কেন্দ্র থেকে মনিরুল ইসলাম নামে এক জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার্থীকে আটক করা হয়েছে। মনিরুল ইসলাম উপজেলার জয়দেবপুর গুঁটকিডাঙ্গা গ্রামের দুর্কল হোদার ছেলে এবং সাপাহার সরকারি ডিগ্রি কলেজের একাদশ শ্রেণির ছাত্র। মনিরুল ইসলাম জয়দেবপুর ইসলামীয়া মাদ্রাসা থেকে মাদ্রাসার পরীক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে কর্তৃপক্ষের যোগসাজশে এবার জেডিসি পরীক্ষায় অংশ নিয়েছিলেন।

জানা গেছে, জয়দেবপুর ইসলামীয়া মাদ্রাসার জেডিসি পরীক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে অবৈধপন্থা অবলম্বন করেন মাদ্রাসা কর্তৃপক্ষ। মনিরুল ইসলামের নাম পরিবর্তন করে মনিরুল ইসলাম নামে জয়দেবপুর ইসলামীয়া মাদ্রাসার জেডিসি পরীক্ষায় অংশ নেয়। পরীক্ষা চলাকালে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সোহরাব আলী কেন্দ্র পরিদর্শনের সময় ওই পরীক্ষার্থীর মতিগতি দেখে সন্দেহ করেন। পরে তাকে বিভিন্ন প্রশ্নের সময় এক পর্যায়ে বিষয়গুলো বেরিয়ে আসে।

নির্বাহী ম্যাজিস্ট্রেট ইউএনও কল্যান চৌধুরী বলেন, মাদ্রাসা কর্তৃপক্ষের পরোচনায় ছাত্র সংখ্যা বৃদ্ধি করতে এমন পন্থা অবলম্বন করা হয়েছিল। পরীক্ষার্থী এবং মাদ্রাসা কর্তৃপক্ষ উভয়ে অপরাধী। ওই পরীক্ষার্থীকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ৭ দিনের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।